

রক্তাক্ত প্রান্তর

১. (ক) ট্রাজেডি হিসেবে 'রক্তাক্ত প্রান্তর' নাটকের সার্থকতা বিচার কর। ১০
অথবা, (খ) 'রক্তাক্ত প্রান্তর' নাটকের নায়ক হিসেবে ইব্রাহিম কার্দির চারিত্রিক
বৈশিষ্ট্য আলোচনা কর।

২. সংক্ষেপে উত্তর দাও: ৫
(ক) "তোমাকে অদেয় কিছুই নেই।"— কে, কাকে, কেন, এই উক্তিটি
করেছে?

অথবা, (খ) জরিণা কে? তার পরিচয় দাও।

৩. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ: ৫
(ক) তোমার ছদ্মবেশ অন্তরে নয়, বহিরঙ্গে।

অথবা, (খ) অন্ধকারটা স্বপ্ন, অলীক। আলোটাই সত্য, আলোটাই স্থায়ী।

জমীদার দর্পণ

১. (ক) 'জমীদার দর্পণ' নাটকের নামকরণের সার্থকতা বিচার কর। ১০
অথবা, (খ) 'জমীদার দর্পণ' নাটক অবলম্বনে নুরনেহার চরিত্র আলোচনা কর।

২. সংক্ষেপে উত্তর দাও: ৫
(ক) মেরাজ আলী কে? তার পরিচয় দাও।

অথবা, (খ) "রামচন্দ্র নাই, সীতা দেবী কি স্থির থাকতে পারে"— কে, কাকে
কোন প্রসঙ্গে এ কথা বলেছিলেন?

৩. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ: ৫
(ক) কেউ জানতে পারবে নাম মুখপুড়ি। তোর সমাজ বড়, না স্বামী বড়?

অথবা, (খ) শান্তির জননীরে আমি নিলামের বাজারে বেচে দেব।

৪. যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর: ২০
(ক) জাতীয় উন্নয়নে নারী সমাজের ভূমিকা;

(খ) বই পড়ার আনন্দ;

(গ) বাংলাদেশের পোশাক শিল্প;

(ঘ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;

(ঙ) বাংলাদেশের লোকজ উৎসব।

৫. (ক) তোমার কলেজে অনুষ্ঠিতব্য জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উপলক্ষে একটি আমন্ত্রণপত্র রচনা কর। ১০

অথবা, (খ) কলেজ থেকে শিক্ষা সফরের অনুমতি চেয়ে অধ্যক্ষ বরাবর একটি আবেদনপত্র লেখ।

৬. (ক) 'নৈতিক অবক্ষয় উন্নয়নের অন্তরায়'— শিরোনামে প্রধান অতিথির একটি ভাষণ তৈরি কর।

অথবা, (খ) তোমার এলাকায় অনুষ্ঠিত একটি তথ্য ও প্রযুক্তি মেলার ওপর প্রতিবেদন রচনা কর।

৭. যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৬×৫=৩০

(ক) বাংলা ভাষায় কী কী উপায়ে শব্দ গঠিত হয়? উদাহরণসহ লেখ।

(খ) গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি):

ভবনদী, চিরকুমার, জনাকীর্ণ, উদ্বেল, যুগান্তর, রাজধানী, রাজনীতি, কুসুমকোমল, উপকূল।

(ঘ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি)

সৌম্য, নিরক্ষর, কৌতূহলী, আবাহন, অমৃত, কদাচিৎ, উদার, অর্বাচীন, বন্য।

(ঙ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো (যেকোনো ছয়টি):

দাতা, বুনো, ঘাতক, দৈত্য, বেলে, উপ্ত, সাংবাদিক, পাল্লা, সৃষ্টি।

(চ) গত্ব বিধান কী? গত্ব বিধানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

(ছ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি)

Manuscript; Initial, Prepaid, Hygiene, Bio-data, Copyright, Nutrition, By-law, Broker.

(জ) যেকোনো তিনটি শব্দের দু'টি করে সমার্থক শব্দ লেখ।

পর্বত, ইচ্ছা, মেঘ, ময়ূর, পবন।

৮. ভাব-সম্প্রসারণ করো:

১০

(ক) যে সহে সে রহে।

অথবা, (খ) শুনহ মানুষ ভাই,

সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।